



বিজ্ঞপ্তিটি সম্পূর্ণ পড়ার
জন্য অনুরোধ করা হলো।

ঢাকা বিশ্ববিদ্যালয় অতি জরুরী বিজ্ঞপ্তি

২০২২-২০২৩ অর্থবছরের সংখ্যালঘু সম্প্রদায়, তফসিলী (হিন্দু/বৌদ্ধ/খ্রিস্টান/সশস্ত্রবাহিনী/দৃষ্টিপ্রতিবন্ধী/প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) উপবৃত্তি প্রাপ্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্নাতক/স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থীদের মধ্যে যাদের নাম মাউশি প্রদত্ত উপবৃত্তির তালিকায় (সংযুক্ত) আছে সে সকল শিক্ষার্থীরা আগামী ২৮/০৩/২০২৩ তারিখ (সকাল-১০:০০টা) থেকে ৩০/০৩/২০২৩ তারিখ (রাত-১২:০০টা) পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের বৃত্তির ওয়েব সাইটে (<https://studentscholarship.du.ac.bd/>) গিয়ে অনলাইনে বৃত্তির আবেদন করতে পারবে। অনলাইনে আবেদনের বিস্তারিত নির্দেশনা উক্ত ওয়েব সাইটে উল্লেখ রয়েছে। বৃত্তির আবেদনের তথ্য যথাযথভাবে পূরণ করার পর অবশ্যই **Submit to Scholarship** বাটনে ক্লিক করে আবেদন নিশ্চিত করতে হবে। অন্যথায় মাউশি কর্তৃক বৃত্তির আবেদন বিবেচনা করা হবে না।

বৃত্তির টাকা উত্তোলনের জন্য শিক্ষার্থীর নিজ নামে অনলাইন সুবিধা সম্পন্ন ১৩-১৭ ডিজিটের ব্যাংক একাউন্ট নম্বর থাকতে হবে। ব্যাংক একাউন্ট না থাকলে, অনতিবিলম্বে তফসিলভুক্ত অনলাইন সুবিধা সম্পন্ন যে কোন ব্যাংকে একাউন্ট খুলতে হবে। ব্যাংক হিসাব ব্যতীত অন্য কোন পদ্ধতিতে বৃত্তির অর্থ প্রেরণ/উত্তোলন করা সম্ভব নয়।

উল্লেখ্য, উক্ত তারিখের মধ্যে বৃত্তির তথ্য নিভুলভাবে পূরণ না হলে শিক্ষার্থীরা বৃত্তির টাকা পাবে না। সেক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন দায়ভার গ্রহণ করবে না। সুতরাং বিষয়টি অত্যন্ত গুরুত্ব সহকারে বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় তথ্যসমূহ সতর্কতার সাথে অনলাইনে পূরণ করার জন্য নির্দেশনা দেয়া হলো।

শিক্ষার্থীদের বৃত্তির আবেদনের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনাবলী অনুসরণীয়:

- ১। বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসিলভুক্ত যে কোন ব্যাংকে অবশ্যই শিক্ষার্থীর নিজ নামে ব্যাংক হিসাব থাকতে হবে।
- ২। শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম একই হতে হবে।
- ৩। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নিভুলভাবে পূরণ করতে হবে।
- ৪। শিক্ষার্থীর সর্বশেষ পরীক্ষার নাম ও সাল, রেজিস্ট্রেশন নম্বর, প্রাপ্ত জিপিএ সঠিকভাবে পূরণ করতে হবে।
- ৫। ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে।
- ৬। ব্যাংক হিসাবটি বর্তমানে সচল (Active) থাকতে হবে।
- ৭। বিকাশ, সিউর ক্যাশ নগদসহ এ ধরনের কোন এজেন্ট নম্বর প্রদান করা যাবে না।

বোর্ড বৃত্তির আবেদনের ক্ষেত্রে Sign up করার সময় প্রত্যেক শিক্ষার্থী তাদের স্ব স্ব বিভাগ/ ইনস্টিটিউট থেকে প্রাপ্ত ই-মেইল ঠিকানা অবশ্যই ব্যবহার করতে হবে। অন্যথায় অনলাইন বৃত্তির বিধি অনুসারে বৃত্তির আবেদন করতে পারবে না।

অনলাইনে বৃত্তির আবেদন সংক্রান্ত সমস্যা হলে যোগাযোগের জন্য- (সকাল ৯.০০ থেকে বিকাল ৩.৩০ মিনিট পর্যন্ত)- 01581846500

স্বাক্ষরিত/-
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)
রেজিস্ট্রারের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়

স্মারক নং রেজিঃ/শিক্ষা-৫/২০৮(ক)/৬৮৫৩৫-সি

তারিখ: ১৩/১২/১৪২৯
২৭/৩/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
 - ২। প্রভোস্ট, সকল হল, ঢাকা বিশ্ববিদ্যালয়।
 - ৩। চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
 - ৪। পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়।
 - ৫। পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। পরিচালক, জনসংযোগ দপ্তর, ঢাকা বিশ্ববিদ্যালয়।

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)
রেজিস্ট্রারের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়।